গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর।
পোঃ কোড- ৫২৬০
*www.fulbari.dinajpur.gov.bd*

**বিষয় : উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভার কার্যবিবরণী ।**

| | |
|---|---|
| সভাপতি | : মীর মোঃ আল কামাহ্ তমাল<br>উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর। |
| সভার স্থান | : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর। |
| আলোচ্য মাস | : অক্টোবর/২০২৩ |
| তারিখ | : ১৩/১১/২০২৩ খ্রিঃ। |
| সময় | : সকাল ১০.৩০ ঘটিকা। |

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট ‘ক’।
অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট ‘খ’।

উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগতঃ জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। অতঃপর সভাপতি কর্তৃক গত মাসের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধন/সংযোজন না থাকায় গত সভার কার্যবিবরণী অদ্যকার সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২) আলোচ্য সূচী : উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি ও সংঘটিত অপরাধ সংক্রান্ত বিবরণী নিয়ে সভায় আলোচনা করা হয়। এ উপজেলায় অক্টোবর/২০২৩ মাসে নিম্নবর্ণিত অপরাধ সমূহ সংঘটিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়।

**দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলার অক্টোবর/২০২৩ মাসের অপরাধ চিত্রের বিবরণী:**

| মাসের নাম | সড়ক দুর্ঘটনা | খুন | ডাকাতি | রাহাজানি | অস্ত্র আইন | চুরি | গরু চুরি | সিঁধেল চুরি | নারী ও শিশু নির্যাতন | পুলিশ আক্রান্ত | দাঙ্গা | অপহরণ | মাদক দ্রব্য | চোরাচালান | ধর্ষণ | অন্যান্য মামলা | আইন শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) | জঙ্গী কার্যক্রম | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| অক্টোবর/২০২৩ | - | ০১ | - | - | - | ০২ | - | - | ০১ | - | - | - | ০৭ | - | ০২ | ০৯ | ০১ | - | ২৩ |
| সেপ্টেম্বর/২০২৩ | - | - | - | - | - | - | - | - | ০২ | - | - | - | ১৫ | - | - | ০৬ | - | - | ২৩ |

**মোবাইল কোর্ট প্রতিবেদন অক্টোবর/২০২৩:**

| পক্ষ | মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা | মামলার সংখ্যা | মামলার রায় | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | শাস্তি | | অব্যাহতি | |
| | | | কারাদন্ড | অর্থদন্ড | | |
| বিবেচ্য পক্ষ | ০১ | ০২ | | ০২ | | ৩৫,০০০/- টাকা জরিমানা |
| গত পক্ষ | ০১ | ০১ | - | ০১ | - | ৫,০০০/- টাকা জরিমানা |
| হ্রাস/বৃদ্ধি | - | বৃদ্ধি | - | বৃদ্ধি | - | বৃদ্ধি |

সেপ্টেম্বর/২০২৩ মাসে নারী ও শিশু নির্যাতন ০২টি, মাদকদ্রব্য ১৫টি ও অন্যান্য ০৬টি মোট ২৩টি এবং অক্টোবর/২০২৩ মাসে খুন ০১টি, চুরি ০২টি, নারী ও শিশু নির্যাতন ০১টি, মাদক দ্রব্য ০৭টি, ধর্ষণ ০২টি, অন্যান্য ০৯টি ও দ্রুত বিচার ০১টি মোট ২৩টি মামলা দায়ের হয়। গত মাস ও আলোচ্য মাসে মামলার সংখ্যা সামান থাকলেও আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে মর্মে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। এরই ধারাবাহিকতায় আলোচ্য মাসে দায়েরকৃত গুরুতর মামলাগুলি সরেজমিনে তদন্ত করে সত্যতা যাচাই অন্তে অভিযুক্তদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা এর উপস্থিত প্রতিনিধিকে অনুরোধ জানানো হয়। সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ২.০১ | গুরুতর অপরাধসহ অন্যান্য অপরাধমূলক কার্যক্রম যাতে সংঘটিত হতে না পারে সে বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২.০২ | আলোচ্য মাসে থানায় দায়েরকৃত খুন, চুরি, নারী ও নির্যাতন, মাদক, ধর্ষণ, দ্রুত বিচার এবং অন্যান্য গুরুতর মামলাগুলি সরেজমিন তদন্ত কার্যক্রম পরিচালনা করে সত্যতা উদঘাটন করে অপরাধীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ২.০৩ | থানায় পূর্বের দায়েরকৃত মামলাগুলো যথাযথভাবে তদন্ত করে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন সংশ্লিষ্ট বিজ্ঞ আদালতে দাখিল নিশ্চিত করবেন। | |

অক্টোবর/২০২৩ মাসের ইউনিয়ন পরিষদসমূহের গ্রাম আদালত সম্পর্কিত তথ্য:

| ক্রঃ নং | ইউনিয়ন ভিত্তিক গ্রাম আদালতের নাম | পূর্ববর্তী মাসের মামলার জের | বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা | আনিস্পন্ন মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১) | ১ নং এলুয়াড়ী ইউপি গ্রাম আদালত ফুলবাড়ী, দিনাজপুর। | - | ০১ | ০১ | ০১ | - | - |
| ২) | ২ নং আলাদীপুর ইউপি গ্রাম আদালত, ফুলবাড়ী, দিনাজপুর। | - | ০২ | ০২ | ০২ | - | - |
| ৩) | ৩ নং কাজিহাল ইউপি গ্রাম আদালত ফুলবাড়ী, দিনাজপুর। | - | ০২ | ০২ | ০২ | - | - |
| ৪) | ৪ নং বেতদিঘী ইউপি গ্রাম আদালত, ফুলবাড়ী, দিনাজপুর। | - | ০২ | ০২ | ০২ | - | - |
| ৫) | ৫ নং খয়েরবাড়ী ইউপি গ্রাম আদালত ফুলবাড়ী, দিনাজপুর। | - | ০১ | ০১ | ০১ | - | - |
| ৬) | ৬ নং দৌলতপুর ইউপি গ্রাম আদালত ফুলবাড়ী, দিনাজপুর। | ০১ | ০১ | ০২ | ০২ | - | - |
| ৭) | ৭ নং শিবনগর ইউপি গ্রাম আদালত ফুলবাড়ী, দিনাজপুর। | - | ০২ | ০২ | ০২ | - | - |
| | সর্বমোট | ০১ | ১১ | ১২ | ১২ | | - |

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| গত মাস অপেক্ষা আলোচ্য মাসে অপরাধের হার সামান্য হ্রাস পেলেও বর্তমানে এ উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক রয়েছে মর্মে সভায় জানানো হয়। কোন চিহ্নিত মাদক ব্যবসায়ীর তথ্য পেলে সে বিষয়ে তৎক্ষণাৎ আইন-শৃঙ্খলা কমিটির নিকট জানানোর জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানানো হয়। এছাড়া চিহ্নিত মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণের এবং সকল ইউনিয়নে আদিবাসী গ্রামগুলোতে মাদক বিরোধী অভিযান পরিচালনার জন্য অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুরকে অনুরোধ জানানো হয়। সামনে জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে কেউ যাতে কোন রকম নাশকতামূলক ঘটনা ঘটাতে না পারে সেদিকে সার্বক্ষণিক সজাগ দৃষ্টি রাখার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতিনিধিদেরকে এবং কেউ যাতে কোথাও কোন উস্কানিমূলক বক্তব্য প্রদান না করে, সে বিষয়ে সর্বত্র সজাগ দৃষ্টি রাখার জন্য জনপ্রতিপ্রতিনিধ ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ জানানো হয়। এছাড়াও পৌরসভার ময়লা-আবর্জনা ফেলার জন্য একটি সুনির্দিষ্ট স্থান নির্ধারণ করার জন্য মেয়র, ফুলবাড়ী পৌরসভাকে অনুরোধ জানানো হয়। অতঃপর সন্ধ্যার পর জেলা পরিষদের ডাকবাংলোর পার্শ্বে বখাটেরা মাদক সেবন করে। এক্ষেত্রে পুলিশি অভিযান পরিচালনার জন্য অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা এর উপস্থিত প্রতিনিধিকে অনুরোধ জানানো হয়। অতঃপর তিনি প্রাথমিক বিদ্যালয়ে চুরির ঘটনা এড়াতে প্রত্যেক বিদ্যালয়ে নিজস্ব ব্যবস্থাপনায় সিসি ক্যামেরা স্থাপনের জন্য উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর এঁর উপস্থিত প্রতিনিধিকে অনুরোধ জানানো হয়। এছাড়াও তিনি পৌর এলাকায় পাগলা/ অসুস্থ্য কুকুরকে চিহ্নিতকরণের জন্য মেয়র, ফুলবাড়ী পৌরসভা, দিনাজপুর এঁর উপস্থিত প্রতিনিধিকে অনুরোধ জানান। খোলা বাজারে কেউ যাতে পেট্রোল বিক্রি না করে সেজন্য অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানাকে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।<br><br>অধ্যক্ষ, সরকারি কলেজ, ফুলবাড়ী, দিনাজপুর এঁর উপস্থিত প্রতিনিধি সভায় সন্ধ্যার পর শহীদ মিনার চত্বরটি অন্ধকার থাকায় স্ট্রিট লাইট প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, ফুলবাড়ী পৌরসভা, দিনাজপুর এঁর উপস্থিত প্রতিনিধিকে সভায় অনুরোধ জানান।<br><br>উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর এঁর উপস্থিত প্রতিনিধি ০৪টি প্রাথমিক বিদ্যালয়ে চুরির ঘটনা ঘটেছে মর্মে সভায় জানান। এক্ষেত্রে ফুলবাড়ী থানায় সাধারণ ডায়েরী করা হয়েছে।<br><br>চেয়ারম্যান, ১নং এলুয়াড়ী ইউপি (প্রতিনিধি) সভায় বলেন তাঁর ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।<br><br>চেয়ারম্যান, ৩নং কাজিহাল ইউপি সভায় বলেন তাঁর ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে শীতকালে গরু চুরির প্রবণতা বাড়ে এবং বর্ডার এলাকার হওয়ায় তারকাটা কেটে গরু চুরি করে ও ক্ষেত নষ্ট করে। | ১) সামনে জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে কেউ যাতে কোন রকম নাশকতামূলক ঘটনা ঘটাতে না পারে সেদিকে সার্বক্ষণিক সজাগ দৃষ্টি রাখতে হবে।<br><br>২) সকল ইউনিয়নের আদিবাসী গ্রামগুলোতে মাদক বিরোধী অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩) পৌরসভার ময়লা-আবর্জনা ফেলার জন্য একটি সুনির্দিষ্ট স্থান নির্ধারণ করতে হবে।<br><br>৪) আগামী জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে কেউ যাতে কোথাও কোন উস্কানিমূলক বক্তব্য প্রদান না করে, সে বিষয়ে সর্বত্র সজাগ দৃষ্টি রাখতে হবে।<br><br>৫) সন্ধ্যার পর শহীদ মিনার চত্বরটি অন্ধকার থাকায় স্ট্রিট লাইট প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৬) খোলা বাজারে পেট্রোল বিক্রি করা যাবে না। | ১) ক) অধিনায়ক, ২৯ বিজিবি, ফুলবাড়ী, দিনাজপুর।<br>খ) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর।<br><br>২) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর।<br><br>৩) মেয়র, ফুলবাড়ী পৌরসভা, দিনাজপুর।<br><br>৪) ক) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর।<br>খ) মেয়র, ফুলবাড়ী পৌরসভা/ চেয়ারম্যান, সকল ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর।<br><br>৫) মেয়র, ফুলবাড়ী পৌরসভা, দিনাজপুর।<br><br>৬) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর। |

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| চেয়ারম্যান, ৪নং বেতদিঘী ইউপি সভায় বলেন তাঁর ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে তিনি আদিবাসী গ্রামগুলোতে মাদক বিরোধী অভিযান পরিচালনা অব্যাহত রাখার জন্য উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভাপতিকে অনুরোধ জানান। এছাড়াও তিনি আরও বলেন যে, তাঁর ইউনিয়নে সেচ লাইনের ট্রান্সফারমারগুলি রাত্রে চুরি হচ্চে এবং সংশ্লিষ্ট স্থানে বিকাশ নম্বর রেখে যাওয়া হয়। এ বিষয়ে অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানাকে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, ৫নং খয়েরবাড়ী ইউপি সভায় বলেন তাঁর ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে আগামী জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে কেউ যাতে কোথাও কোন উস্কানিমূলক বক্তব্য প্রদান না করে, সে বিষয়ে সর্বত্র সজাগ দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, ৬নং দৌলতপুর ইউপি সভায় বলেন তাঁর ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।<br>অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান অক্টোবর/২০২৩ মাসে খুন ০১টি, চুরি ০২টি, নারী ও শিশু নির্যাতন ০১টি, মাদক দ্রব্য ০৭টি, ধর্ষণ ০২টি, অন্যান্য ০৯টি ও দ্রুত বিচার ০১টি মোট ২৩টি মামলা দায়ের হয় । এছাড়া তিনি গরু চুরিসহ অন্যান্য চুরির বিষয়ে নিজস্ব উদ্যোগে পাহারার ব্যবস্থা বৃদ্ধি করার জন্য পৌর মেয়রসহ ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানান এবং সেই সাথে গরু/ ট্রান্সফারমার চুরি হলে থানায় অভিযোগ পাওয়া গেলে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। রাত্রে ভটভটি/ পিকআপ ইউনিয়ন পর্যায়ে চললে তৎক্ষণাৎ অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানাকে জানানোর জন্য তিনি ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানান। অতঃপর তিনি এ উপজেলা হতে মাদক নির্মূল করতে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। তিনি আরও বলেন মাদকের বিরুদ্ধে পুলিশ বাহিনী কঠোর অবস্থানে রয়েছে এবং অভিযান পরিচালনা অব্যাহত থাকবে । আইন শৃঙ্খলা পরিস্থিতির যাতে কোন রকম অবনতি না ঘটে, সেজন্য পুলিশ সর্বত্র সজাগ দৃষ্টি রাখছে বলে তিনি সভায় জানান। এছাড়াও খোলা বাজারে কেউ যাতে পেট্রোল বিক্রি না করে এ বিষয়ে পুলিশ সজাগ দৃষ্টি রাখছে।<br>অধিনায়ক, ২৯ বিজিবি, ফুলবাড়ী, দিনাজপুর এঁর উপস্থিত প্রতিনিধি সভায় জানান বর্তমানে বর্ডার এলাকার পরিস্থিতি ভাল রয়েছে। অক্টোবর/২০২৩ মাসে বিজিবি প্রতিনিধি কর্তৃক সিজার মূল্য তালিকা না পাওয়ায় তা উপস্থাপন করা হলো হনা। এছাড়াও প্রতিমাসে বিজিবি ও পুলিশের সাথে সমন্বয়ে টাস্কফোর্স অভিযান পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। অতঃপর মাদক ও চোরাচালানের সাথে জড়িত ব্যক্তিদের চিহ্নিত করতে ইউপি চেয়ারম্যানগণ যাতে প্রয়োজনীয় সহযোগিতা করেন সেজন্য তিনি সভাপতির মাধ্যমে অনুরোধ জানান। সীমান্ত এলাকার পরিস্থিতি ভাল থাকলেও সীমান্ত পথে যাতে কোন মাদক দ্রব্য এদেশে না আসে সেজন্য বিজিবি এবং সীমান্তবর্তী ইউপির গ্রাম পুলিশ যেন সর্বত্র সতর্কতা অবলম্বন করার জন্য তিনি অধিনায়ক, ২৯ বিজিবি, ফুলবাড়ী, দিনাজপুর এঁর উপস্থিত প্রতিনিধি এবং সীমান্তবর্তী ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>অতঃপর ইভটিজিং ও মাদকের বিষয়ে কোন তথ্য জানা থাকলে তা তাৎক্ষণিকভাবে সভাপতি অথবা অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানাকে অবহিত করার জন্য সদস্যগণকে অনুরোধ জানানো হয়। পৌর এলাকায় মাদকের প্রবণতা রোধে ওয়ার্ড কমিশনারগণকে তৎপর থাকাতে নির্দেশনা প্রদান করা হয়। অতঃপর জুম্মার নামাযের খুতবার সময় সন্ত্রাস ও জঙ্গী নিরোধ, বাল্যবিবাহ প্রতিরোধ এবং মাদকের বিষয়ে আলোচনা অব্যাহত রাখার জন্য পৌর মেয়র, সকল ইউপি চেয়ারম্যান ও ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ফুলবাড়ী, দিনাজপুর-কে অনুরোধ জানানো হয়। এক্ষেত্রে পৌরসভা ও ইউনিয়ন ভিত্তিক ট্যাগ অফিষার নিয়োগের জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া তিনি প্রতিটি ইউনিয়নের সকল আদিবাসী গ্রামে মাদক বিরোধী পুলিশি অভিযান পরিচালনার জন্য অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর-কে অনুরোধ জানানো হয়। অতঃপর আইন-শৃঙ্খলা রক্ষার্থে সংশ্লিষ্ট সকলেই আন্তরিকভাবে সহযোগিতা করলে ফুলাবাড়ী উপজেলা একটি চমৎকার উপজেলায় পরিণত হবে মর্মে আশাবাদ ব্যক্ত করা হয়। | ৭) প্রাথমিক বিদ্যালয়ে চুরির ঘটনা এড়াতে প্রত্যেক বিদ্যালয়ে নিজস্ব ব্যবস্থাপনায় সিসি ক্যামেরা স্থাপন করতে হবে।<br>৮) পৌর এলাকায় পাগলা/ অসুস্থ্য কুকুরকে চিহ্নিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৯) জুম্মার নামাযের খুতবার সময় সময় সন্ত্রাস ও জঙ্গী নিরোধ, বাল্যবিবাহ প্রতিরোধ এবং মাদকের বিষয়ে আলোচনা অব্যাহত রাখতে হবে।<br>১০) প্রতিমাসে বিজিবি ও পুলিশের সাথে সমন্বয়ে মাদকের বিষয়ে টাস্কফোর্স অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৭) উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর।<br>৮) মেয়র, ফুলবাড়ী পৌরসভা, দিনাজপুর।<br>৯) মেয়র, ফুলবাড়ী পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যান এবং ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, ফুলবাড়ী, দিনাজপুর।<br>১০) অধিনায়ক, ২৯ বিজিবি ও অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা ফুলবাড়ী দিনাজপুর। |

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- |
| আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক থাকলেও সার্বক্ষণিকভাবে সতর্কাবস্থায় থাকার জন্য পৌর মেয়র, ফুলবাড়ী পৌরসভা, সকল ইউপি চেয়ারম্যান, অফিসার ইনচার্জ, বিজিবিসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। এছাড়াও সংশ্লিষ্ট সকল সদস্যগণকে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভায় নিয়মিতভাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১১) আইন-শৃঙ্খলা পরিস্থিতির যাতে কোন রকম অবনতি না ঘটে সেজন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সর্বত্র সজাগ দৃষ্টি রাখতে হবে। | ১১) অধিনায়ক, ২৯ বিজিবি ও অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর। |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মীর মোঃ আল কামাহ্ তমাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
ফুলবাড়ী, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর
পোঃ কোঃ-৫২৬০
*www.fulbaridinajpur.gov.bd*

স্মারক নং- ০৫.৫৫.২৭৩৮.০০০.৮৩.০০১.২৩-১৮২৮ (৪২)

তারিখ : ০১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

<u>সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১। জনাব মোস্তাফিজুর রহমান, মাননীয় সংসদ সদস্য, ১০ দিনাজপুর-৫।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। অধিনায়ক, ২৯ বর্ডারগার্ড ব্যাটালিয়ন, ফুলবাড়ী, দিনাজপুর।
৪। পুলিশ সুপার, দিনাজপুর।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
৬। সহকারী কমিশনার (ভূমি), ফুলবাড়ী, দিনাজপুর।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
৮। অধ্যক্ষ, ফুলবাড়ী সরকারী কলেজ, ফুলবাড়ী, দিনাজপুর।
৯। মেয়র, ফুলবাড়ী পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর।
১০। অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর।
১১। উপজেলা ...................................কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর।
১২। সহকারী পরিচালক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, দিনাজপুর।
১৩। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক, .................................................ফুলবাড়ী, দিনাজপুর।
১৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ফুলবাড়ী, দিনাজপুর। তাঁকে সভার কার্যবিবরণীটি এ অফিসের ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৫। চেয়ারম্যান, .................................................. (সকল) ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর।
১৬। কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, ফুলবাড়ী, দিনাজপুর।
১৭। সভাপতি, ফুলবাড়ী প্রেসক্লাব/ফুলবাড়ী থানা প্রেসক্লাব/ফুলবাড়ী উপজেলা প্রেসক্লাব, ফুলবাড়ী, দিনাজপুর।
১৮। ............ ............................................................. ফুলবাড়ী, দিনাজপুর।

উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট 'ক'

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষরিত |
|---|---|---|
| ১. | সহকারী কমিশনার (ভূমি), ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ২. | অধিনায়ক, ২৯ বিজিবি, ফুলবাড়ী, দিনাজপুর এঁর প্রতিনিধি। | " |
| ৩. | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৪. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৫. | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপর (প্রতিনিধি)। | " |
| ৬. | কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৭. | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর (প্রতিনিধি)। | " |
| ৮. | অধ্যক্ষ, শহীদ স্মৃতি আদর্শ ডিগ্রী কলেজ, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৯. | অধ্যক্ষ, ফুলবাড়ী সরকারী কলেজ,ফুলবাড়ী, দিনাজপুর (প্রতিনিধি)। | " |
| ১০. | চেয়ারম্যান, ১নং এলুয়াড়ী ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর (প্রতিনিধি)। | " |
| ১১. | চেয়ারম্যান, ৩নং কাজিহাল ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১২. | চেয়ারম্যান, ৪নং বেতদিঘী ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৩. | চেয়ারম্যান, ৫নং খয়েরবাড়ী ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৪. | চেয়ারম্যান, ৬নং দৌলতপুর ইউপি, ফুলবাড়ী ,দিনাজপুর। | " |
| ১৫. | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৬. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৭. | উপজেলা স্বাস্থ্য ও পঃ-পঃ কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর (প্রতিনিধি)। | " |
| ১৮. | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৯. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ২০. | জনাবা শ্যামলী রাণী, সদস্য, ১নং এলুয়াড়ী ইউপি,ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ২১. | মেয়র, ফুলবাড়ী পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর (প্রতিনিধি)। | " |
| ২২. | সভাপতি/সম্পাদক, ফুলবাড়ী প্রেস ক্লাব, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ২৩. | সভাপতি, ফুলবাড়ী থানা প্রেস ক্লাব, ফুলবাড়ী, দিনাজপুর। | |

অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) পরিশিষ্ট 'খ'

| ক্রঃ নং | নাম ও পদবী |
|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী ,দিনাজপুর। |
| ৩. | জনাব মোছাঃ জয়তুন বেগম, সদস্য, ৩নং কাজিহাল ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৪. | সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, উপজেলা শাখা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ৫. | জনাব মোঃ মুশফিকুর রহমান বাবুল, সাধাঃ সম্পাঃ, বাংলাদেশ আওয়ামীলীগ, উপজেলা শাখা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ৬. | জনাব মোঃ আব্দুল মজিদ সরকার, কাঁটাবাড়ী, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৭. | সভাপতি, দুর্নীতি প্রতিরোধ কমিটি, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৮. | অধ্যক্ষ, ফুলবাড়ী মহিলা ডিগ্রী কলেজ, ফুলবাড়ী, দিনাজপুর এঁর প্রতিনিধি । |
| ৯. | অধ্যক্ষ, দারুস সুন্নাহ সিদ্দিকিয়া ফাযিল মাদ্রাসা, ফুলবাড়ী, দিনাজপুর এঁর উপস্থিত প্রতিনিধি। |
| ১০. | প্রধান শিক্ষক, ফুলবাড়ী পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ১১. | সভাপতি/সম্পাদক, ফুলবাড়ী উপজেলা প্রেসক্লাব, ফুলবাড়ী, দিনাজপুর |
| ১২. | চেয়ারম্যান, ২নং আলাদীপুর ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ১৩. | প্রধান শিক্ষক, ফুলবাড়ী জি. এম. পাইলট উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর । |
| ১৪. | প্রধান শিক্ষক, সুজাপুর সরকারি মডেল উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর (প্রতিনিধি)। |
| ১৫. | চেয়ারম্যান, ৭নং শিবনগর ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ১৬. | সভাপতি/সম্পাদক, উপজেলা সড়ক পরিবহণ মালিক সমিতি, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ১৭. | এনএসআই, ফুলবাড়ী, দিনাজপুর। |